গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পটুয়াখালী
(সাধারণ শাখা)
www.patuakhali.gov.bd

স্মারক নম্বর : ০৫.১০.৭৮০০.০০৬.১৮.০৫১.১৬- ২৬২

তারিখ : ২৫ বৈশাখ ১৪২৬
০৮ মে ২০১৯

বিষয় : প্রশিক্ষণ প্রতিষ্ঠানে সরকারি অনুদান প্রদান সংক্রান্ত নীতিমালা-২০১৯ জেলার ওয়েবসাইটে প্রকাশ প্রসঙ্গে

সূত্র : জন প্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নম্বর-০৫.০০.০০০০.২১১.০৬.০০১.১৯-৩৭; তারিখ- ০৯.০৪.২০১৯খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকে প্রাপ্ত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে সরকারি অনুদান প্রদান সংক্রান্ত নীতিমালা-২০১৯ এ সাথে প্রেরণ করা হলো। নীতিমালাটি পটুয়াখালী জেলার ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত ঃ বর্ণনামতে-১০ (দশ) পাতা।

০৮.০৫.১৯

উম্মে হাবিবা মজুমদার
সহকারী কমিশনার
পটুয়াখালী
ফোন : ০৪৪১-৬২৯৩১

সহকারী প্রোগ্রামার
জেলা প্রশাসকের কার্যালয়
পটুয়াখালী

অনুলিপি :

০১। সিএ-টু-ডিসি, পটুয়াখালী। জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য।

অতি জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিদেশ প্রশিক্ষণ গবেষণা ইউনিট
www.mopa.gov.bd

নং- ০৫.০০.০০০০.২১১.০৬.০০১.১৯-৩৭

তারিখঃ ২৬ চৈত্র, ১৪২৫ / ০৯ এপ্রিল, ২০১৯

বিষয়: প্রশিক্ষণ প্রতিষ্ঠানে সরকারি অনুদান প্রদান সংক্রান্ত নীতিমালা-২০১৯ অবহিতকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশের সামগ্রিক প্রশিক্ষণ কার্যক্রমে গতিশীলতা আনয়ণের লক্ষ্যে এবং প্রশিক্ষণ প্রতিষ্ঠানের কার্যক্রমসমূহ সরেজমিনে পরিবীক্ষণ ও মূল্যায়নের জন্য অনুদান প্রদান সংক্রান্ত নীতিমালা-২০১৯ জারি করা হয়েছে।

০২। অনুদান প্রদান সংক্রান্ত নীতিমালা, বিজ্ঞপ্তি ও আবেদন ফরম জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.mopa.gov.bd) আপলোড করা হয়েছে। ২০১৮-১৯ অর্থবছরে অনুদান সংক্রান্ত একটি বিজ্ঞপ্তি দু'টি জাতীয় দৈনিক পত্রিকায় (দৈনিক সমকাল ও বাংলাদেশ প্রতিদিন) ০৫/০৪/২০১৯ তারিখে প্রকাশিত হয়েছে। ইতোমধ্যে নীতিমালা, বিজ্ঞপ্তি ও আবেদন ফরম সকল কমিশনার ও জেলা প্রশাসক বরাবর প্রেরণ করা হয়েছে।

০৩। জেলা প্রশাসন পর্যায়ে প্রশিক্ষণ প্রতিষ্ঠানে অনুদান প্রদানের জন্য অনুদান মঞ্জুরি সকল জেলা প্রশাসক বরাবর অতি শীঘ্রই প্রেরণ করা হচ্ছে। উল্লেখ করা প্রয়োজন যে, প্রশিক্ষণ প্রতিষ্ঠানে সরকারি অনুদান প্রদান সংক্রান্ত নীতিমালা ২০১৭ পরিবর্তনপূর্বক ২০১৯ এ নীতিমালা জারী করা হয়েছে বিধায় এ বছর নীতিমালার সময়সূচি (নীতিমালায় ৮.০ নং অনুচ্ছেদে বর্ণিত) অনুযায়ী কার্যক্রম গ্রহন করা সম্ভব হয়নি।

০৪। বর্ণিতাবস্থায় নীতিমালা, বিজ্ঞপ্তি ও আবেদন ফরম জেলার ওয়েবসাইটে প্রকাশসহ ২০১৮-১৯ অর্থবছরে প্রশিক্ষণ প্রতিষ্ঠানে অনুদান প্রদান সংক্রান্ত কার্যক্রম দ্রুত গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ১। নীতিমালা ও আবেদন ফরম;
২। বিজ্ঞপ্তি।

০৯.০৪.১৯
(নাহিদা পারভীন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮৮৬৪৭
ই-মেইল ftru@mopa.gov.bd

বিতরণ:

১। কমিশনার......................................(সকল)।
২। জেলা প্রশাসক..(সকল)।

অনুলিপি: (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে)

১। অতিরিক্ত সচিব (সিপিটি/প্রশাসন), জনপ্রশাসন মন্ত্রণালয়।
২। অতিরিক্ত সচিব (প্রশিক্ষণ), জনপ্রশাসন মন্ত্রণালয়।
৩। সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। অফিস কপি।

জেলা প্রশাসকের কার্যালয়, পটুয়াখালী।

7812019042537

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিদেশ প্রশিক্ষণ গবেষণা ইউনিট
www.mopa.gov.bd

নং ০৫.০০.০০০০.২১১.০৬.০০৯.১৬. (অংশ-১)-৩২

তারিখ: ১৩ চৈত্র, ১৪২৫ / ২৭ মার্চ, ২০১৯

বিষয়: প্রশিক্ষণ প্রতিষ্ঠানে সরকারি অনুদান প্রদান সংক্রান্ত নীতিমালা, ২০১৯।

১.১ সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন:

দেশের স্থিতিশীল অর্থনৈতিক উন্নয়নে দক্ষ মানবসম্পদ একান্ত প্রয়োজন। মানবসম্পদ উন্নয়নের অন্যতম উপায় হইতেছে প্রশিক্ষণ। সরকার উন্নয়ন পরিকল্পনার লক্ষ্য ও উদ্দেশ্যের আলোকে সুষম ও টেকসই উন্নয়ন অর্জনের উদ্দেশ্যে প্রশিক্ষণ কার্যক্রম বেগবান ও পরিচালনা করিবার দৃঢ় অঙ্গীকার ঘোষণা করিয়াছে। এই সিদ্ধান্ত বাস্তবায়নের নিমিত্ত প্রশিক্ষণ প্রদানের ক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহে আর্থিক অনুদান প্রদানের জন্য এই নীতিমালা প্রণয়ন করা হয়। এই নীতিমালাটি প্রশিক্ষণ প্রতিষ্ঠানে সরকারি অনুদান প্রদান সংক্রান্ত নীতিমালা, ২০১৯ নামে অভিহিত হইবে।

১.২ ইহা অবিলম্বে কার্যকর হইবে

১.৩ সংজ্ঞার্থ: বিষয় অথবা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই নীতিমালায় নিম্নরূপ বুঝাইবে:

(ক) 'প্রশিক্ষণ প্রতিষ্ঠান' অর্থ ২ নং অনুচ্ছেদে বর্ণিত প্রতিষ্ঠিত প্রতিষ্ঠান;

(খ) 'কর্তৃপক্ষ' অর্থ ৩ নং অনুচ্ছেদে বর্ণিত প্রতিষ্ঠিত কর্তৃপক্ষ;

(গ) 'অনুদান বরাদ্দ' অর্থ ৫ নং অনুচ্ছেদে বর্ণিত বরাদ্দ;

(ঘ) 'কার্যনির্বাহী কমিটি' অর্থ ৯.১ নং অনুচ্ছেদে বর্ণিত বাছাই কমিটি; এবং

(ঙ) 'উপদেষ্টা কমিটি' অর্থ ৯.৩ নং অনুচ্ছেদে বর্ণিত উপদেষ্টা কমিটি।

২.০ প্রশিক্ষণ প্রতিষ্ঠানের সংজ্ঞা: প্রশিক্ষণ প্রতিষ্ঠান অর্থ এইরূপ একটি সাংগঠনিক সত্তা, যাহা সরকারি, আধা সরকারি, স্বায়ত্তশাসিত অথবা নিবন্ধিত বেসরকারি সংগঠন যাহার উদ্দেশ্য হইতেছে জনপ্রশাসন ও তাহার উন্নয়ন সাধন সম্পর্কিত বিষয়সমূহের উপর প্রশিক্ষণ প্রদান অথবা এতৎসংক্রান্ত গবেষণাকার্যে নিয়োজিত প্রতিষ্ঠানসমূহ।

৩.০ কর্তৃপক্ষ: কর্তৃপক্ষ অর্থ প্রতিটি জেলায় জেলা প্রশাসকের সভাপতিত্বে গঠিত জেলা মানবসম্পদ উন্নয়ন কমিটি যাহা প্রাথমিক বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রশিক্ষণ প্রতিষ্ঠানের জন্য চূড়ান্ত অনুমোদনকারী কর্তৃপক্ষ হিসাবে বিবেচিত হইবে।

৪.০ অনুদান প্রদানের উদ্দেশ্য: প্রশিক্ষণ প্রতিষ্ঠানে সরকারি অনুদান প্রদান কার্যক্রমের মূল উদ্দেশ্য হইতেছে প্রশিক্ষণ প্রতিষ্ঠানের প্রশিক্ষণসেবা ও পরিসেবার মানোন্নয়নে সহায়তা প্রদান এবং এই কার্যক্রমের সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহ নিম্নরূপ—

৪.১ প্রশিক্ষণ প্রতিষ্ঠানের প্রশিক্ষকগণের পেশাগত মানোন্নয়নে সহায়তা প্রদান;

৪.২ মানসম্মত প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ জনশক্তি গড়িয়া তোলা;

৪.৩ স্থানীয় সরকার ব্যবস্থাপনা ও মাঠ প্রশাসন পর্যায়ে বিভিন্ন খাতে গবেষণা কার্যে উদ্যোগী সংগঠন ও জনশক্তি গড়িয়া তোলা;

৪.৪ সরকারের জনপ্রশাসন ব্যবস্থাপনার উন্নয়ন লক্ষ্য ও নীতিসমূহকে মাঠ পর্যায়ে ছড়াইয়া দেওয়ার জন্য প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালা সংগঠনে সহায়তা প্রদান; এবং

৪.৫ সরকারি অথবা উন্নয়ন সহযোগীর সহায়তায় উদ্ভাবিত উন্নয়ন সংক্রান্ত উদ্ভাবনীমূলক উৎকৃষ্ট কর্মপদ্ধতি অথবা গবেষণার ফলাফল প্রচার করিবার জন্য কর্মশালা/সেমিনার সংগঠনে সহায়তা প্রদান করা।

৫.০ অনুদান বরাদ্দ: প্রশিক্ষণের জন্য বরাদ্দকে প্রশিক্ষণ প্রতিষ্ঠানের অনুদান বরাদ্দ হিসাবে বিবেচনা করা হইবে এবং প্রতিটি জেলায় জেলা প্রশাসকের কার্যালয়ে রাজস্ব বাজেটের অধীন প্রশিক্ষণ মঞ্জুরি বাবদ এই অনুদান বরাদ্দ থাকিবে। মন্ত্রিপরিষদ বিভাগ হইতে জেলার যেই শ্রেনীকরণ করা হইয়াছে সেই অনুযায়ী জনপ্রশাসন মন্ত্রণালয়ের বাজেট ও অডিট অধিশাখা অনুদান বাবদ বরাদ্দকৃত অর্থ বিভাজন করিবে। এই বরাদ্দ হইতে কর্তৃপক্ষ সংশ্লিষ্ট জেলার মানবসম্পদ উন্নয়নের সহিত সংশ্লিষ্ট অনূর্ধ্ব ৩টি প্রশিক্ষণ প্রতিষ্ঠানকে অনুদান প্রদান করিবে।

৬.০ প্রশিক্ষণ প্রতিষ্ঠানে সরকারি অনুদান প্রদানের ক্ষেত্রসমূহ: প্রতি অর্থবৎসরে মানসম্মত প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ জনশক্তি গড়িয়া তোলা তথা জনপ্রশাসন ব্যবস্থাপনার উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশের প্রত্যেকটি জেলা হইতে কর্তৃপক্ষ অনূর্ধ্ব ৩টি প্রশিক্ষণ প্রতিষ্ঠানকে মনোনীত করিবে এবং যে সকল প্রশিক্ষণ প্রতিষ্ঠান নিম্নরূপ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করিবে কেবল সেই সকল প্রতিষ্ঠানকেই এই খাত হইতে অনুদান প্রদান করা হইবে-

৬.১ জনপ্রশাসন ব্যবস্থাপনার উন্নয়ন, প্রকল্প ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ;

৬.২ সরকারি নীতি ও আইন-বিধি সংক্রান্ত প্রশিক্ষণ;

৬.৩ আর্থিক খাত ব্যবস্থাপনার উন্নয়ন সংক্রান্ত প্রশিক্ষণ;

৬.৪ বৈদেশিক বাণিজ্য, বৈদেশিক বিনিয়োগ ও চুক্তি-সংক্রান্ত প্রশিক্ষণ;

৬.৫ প্রশিক্ষকদের দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ;

৬.৬ স্থানীয় সরকার ব্যবস্থাপনা ও মাঠ পর্যায়ে গবেষণা অথবা মূল্যায়ন কার্যক্রম সংক্রান্ত প্রশিক্ষণ;

৬.৭ অনলাইন অফিস ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ;

৬.৮ ই-গভর্ন্যান্স-সংক্রান্ত প্রশিক্ষণ;

৬.৯ সৃজনশীলতা ও উদ্ভাবনী প্রযুক্তির বিস্তার;

৬.১০ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি);

৬.১১ কারিগরি ও বৃত্তিমূলক প্রশিক্ষণ;

৬.১২ ক্রীড়া শিক্ষামূলক প্রশিক্ষণ;

৬.১৩ জেলা ব্র্যান্ডিংকে কার্যকর ও উন্নয়নে সহায়তা করিবে এইরূপ বিষয়; এবং

৬.১৪ দাপ্তরিক কার্যে প্রমিত বাংলা/ইংরেজি ব্যবহার বিষয়ক প্রশিক্ষণ।